

১৭/১০/২১

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
(প্রশাসন শাখা)  
[www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd)



বিজ্ঞপ্তি নং- ০৯ - এ,

তারিখঃ ১১/০১/২০২১ খ্রিঃ।

বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের প্রশাসনিক কর্মকর্তা জনাবা পাপিয়া আক্তার এর জন্ম তারিখ ০২/০৫/১৯৭২ খ্রিঃ। তার চাকুরীকাল ২৫ বছরের অধিক অতিক্রান্ত হয়েছে। তার স্বেচ্ছায় অবসর গমনের আবেদনের প্রেক্ষিতে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) অনুযায়ী দ্বাদশ অধ্যায়ে সরকারি কর্মচারীর স্বেচ্ছায় অবসর গ্রহণ সংক্রান্ত ৪৪ (১) ধারা অনুযায়ী ৩১/১২/২০২০ খ্রিঃ তারিখ থেকে তাকে সরকারি চাকরি হতে স্বেচ্ছায় অবসর প্রদান করা হলো।

০২। উপরিউল্লিখিত আইনের ৪৭ ধারা মোতাবেক তাকে ০১/০১/২০২১ খ্রিঃ তারিখ হতে ৩১/১২/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের স্বেচ্ছায় অবসর-উত্তর ছুটি (Post-Retirement Leave) মঞ্জুর করা হলো।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

আদেশক্রমে,

১৭/-

(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)  
ডেপুটি রেজিস্ট্রার(প্রশাসন ও বিচার)

ফোনঃ ৯৫৬৬৮২৬


E-mail: [aktar.dr@supremecourt.gov.bd](mailto:aktar.dr@supremecourt.gov.bd)

স্মারক নং-<sup>১ই</sup><sub>২</sub> কল-৬৮/২০২০/ ২০২ (৩) -এ,

তারিখঃ ১২/০১/২০২১ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. অতিরিক্ত রেজিস্ট্রার(প্রশাসন ও বিচার), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. উপ-পরিচালক, বাংলাদেশ প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। ইহা বাংলাদেশ গেজেটে প্রকাশ করতঃ উহার ৫(পাঁচ) কপি অত্র কোর্ট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৩. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-৫২৮, ৫ম তলা, সি, জি, এ, ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৫. হিসাবরক্ষণ কর্মকর্তা-১, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬. জনাবা পাপিয়া আক্তার, প্রশাসনিক কর্মকর্তা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৭. সুপারিনটেনডেন্ট, পরিবহন শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৮. হিসাব রক্ষক (বাজেট), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

  
(কাজী আরাফাত উদ্দীন)  
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)  
ফোন : ৯৫৮৮৪২৯